

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৩১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাং করা

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ يَعْنِي يَوْمَ بَدْرٍ فَقَالَ: «إِنَّ عُثْمَانَ انْطَلَقَ فِي حَاجَةِ اللَّهِ وَحَاجَةِ رَسُولِهِ وَإِنِّي أَبَا يَعْلَمْ لَهُ» فَضَرَبَ لَهُ رَسُولُ اللَّهِ بِسْمِهِ وَلَمْ يَضْرِبْ بِشَيْءٍ لِأَحَدٍ غَابَ غَيْرُهُ. رَوَاهُ أَبُو دَاؤِدُ

বাংলা

৪০৩১-[৪৭] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বদর যুদ্ধের দিন দাঁড়িয়ে বললেনঃ 'উসমান (ইবনু 'আফফান) আল্লাহ ও তাঁর রসূল-এর উদ্দেশে বের হয়েছে, সুতরাং তার পক্ষ হতে আমি বায়'আত করছি। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্যও এ গনীমাতের একাংশ রেখেছেন। অর্থ বদর যুদ্ধে অনুপস্থিত আর কাউকে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) গনীমাতের ভাগ দেননি। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহাহ : আবু দাউদ ২৭২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উসমান ছিলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কন্যা রূকাইয়্যার স্বামী। বদর যুদ্ধের সময় নারী নন্দীনী রূকাইয়্যাহ ভীষণ অসুস্থ হয়ে পড়েন। তার সেবা-শুশ্রাব এমন কোনো লোক ছিল না যাকে রেখে 'উসমান যুদ্ধে যোগদান করবেন। এ অবস্থা দেখে স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেই তাকে যুদ্ধে যাওয়া থেকে বারণ করেন। যুদ্ধের জন্য সবাই যখন রসূলুল্লাহর হাতে হাত রেখে বায়'আত করতে লাগলেন তখন আল্লাহর নারী নিজের ডান হাতকে বাম হাতের মধ্যে রেখে বললেন, এটা 'উসমান-এর বায়'আত।

'উসমান যেহেতু আল্লাহর রসূলের ভুক্ত পালন করেছেন, সুতরাং তার বাঢ়ীতে অবস্থানও আল্লাহর রাস্তায় বলে বিবেচনা করা হয়েছে। আর বদরের গনীমাতে তাকে অংশ দান করা হয়েছে। এটা তার একান্ত বিশেষত্বের কারণে

করা হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69358>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন